

একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, যশোর
(জুডিশিয়াল মুন্সিখানা শাখা)
www.jessore.gov.bd

স্মারক নম্বর : ০৫.৪৪.৪১০০.০০৪.০২.০০৪.২৩.১৩১৪(৬)

তারিখ: ০৯ পৌষ ১৪৩০
২৪ ডিসেম্বর ২০২৩

বিষয়ঃ নির্বাচনি সংবাদ সংগ্রহে দায়িত্বপ্রাপ্ত সাংবাদিক/গণমাধ্যম কর্মী কর্তৃক সাংবাদিক কার্ড ও গাড়ির স্টিকার সংগ্রহকরণ সংক্রান্ত।

১. নির্বাচনি সংবাদ সংগ্রহে গণমাধ্যম ও সাংবাদিক:

- ক. প্রিন্ট মিডিয়া: ডিগ্রারেশন প্রাপ্ত এবং নিয়মিত প্রকাশিত দৈনিক, সাপ্তাহিক, পাক্ষিক প্রভৃতি;
- খ. টেলিভিশন: অনুমোদিত টেলিভিশন চ্যানেল, যা বাংলাদেশ হতে প্রচারিত হয়;
- গ. অনলাইন নিউজ পোর্টাল: অনুমোদিত অনলাইন নিউজ পোর্টাল;
- ঘ. আইপিটিভি: অনুমোদিত ইন্টারনেটভিত্তিক টেলিভিশন;

২. আবেদনপত্র গ্রহণকারী কর্তৃপক্ষ:

- ক. যশোর জেলা পর্যায়ের ও যশোর সদর উপজেলার স্থানীয় সাংবাদিক পরিচয়পত্র ও গাড়ির স্টিকার যথাযথ নীতিমালা অনুসরণপূর্বক সংগ্রহের নিমিত্ত গঠিত “দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে স্থানীয় সাংবাদিকগণ পরিচয়পত্র ও গাড়ির স্টিকার পাওয়ার নিমিত্ত জেলা প্রশাসক ও রিটার্নিং অফিসার, যশোর বরাবর আবেদন করতে হবে।
- খ. যশোর সদর উপজেলা ব্যতীত অত্র জেলার অন্যান্য উপজেলার স্থানীয় সাংবাদিকদের পরিচয়পত্র ও গাড়ির স্টিকার সংগ্রহের জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসারগণ বরাবর আবেদন করতে হবে।

৩. সাংবাদিক কার্ডের জন্য আবেদন প্রক্রিয়া:

- ক. আবেদনকারীকে নির্দিষ্ট সময়ের মধ্যে সংশ্লিষ্ট গণমাধ্যমের অফিসিয়াল প্যাডে উক্ত প্রতিষ্ঠান হতে কতজন সাংবাদিককে এ্যাসাইনমেন্ট দেয়া হলো তা উল্লেখপূর্বক নিউজ এডিটর/চীফ রিপোর্টার/বার্তা প্রধান/ব্যুরো প্রধান/জেলা প্রতিনিধি কর্তৃক স্বাক্ষরিত আবেদনপত্র জমা দিতে হবে।
- খ. আবেদনপত্রটি আগামী ৩১/১২/২০২৩ খ্রি. তারিখের মধ্যে আবেদন দাখিল করতে হবে। নির্ধারিত তারিখের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

৪. সাংবাদিক কার্ডের জন্য আবেদনপত্রের সহিত সংযুক্ত দলিলাদি:

- ক. জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।
- খ. প্রতিষ্ঠানের পিআইডি কার্ড/সাংবাদিক পরিচয়পত্র।
- গ. জাতীয় পত্রিকার ক্ষেত্রে তথ্য ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক সর্বশেষ প্রকাশিত তালিকায় সংশ্লিষ্ট পত্রিকার ক্রমিক নম্বর চিহ্নিতকরে পেইজের কপিটি জমা দিতে হবে।
- ঘ. স্থানীয় পত্রিকার ক্ষেত্রে জেলা প্রশাসন কর্তৃক সর্বশেষ প্রকাশিত তালিকায় সংশ্লিষ্ট পত্রিকার ক্রমিক নম্বর চিহ্নিত করে পেইজের কপিটি জমা দিতে হবে।
- ঙ. অনলাইন পোর্টালের ক্ষেত্রে অনুমোদনের তালিকার কপি জমা দিতে হবে।
- চ. সদ্য তোলা ১ কপি পাসপোর্ট সাইজ ও ১ কপি স্ট্যাম্প সাইজের রঙিন ছবি।
- ছ. দৈনিক পত্রিকার ক্ষেত্রে পরপর প্রকাশিত ৭ দিনের প্রকাশিত পত্রিকার কপি এবং সাপ্তাহিক পত্রিকার ক্ষেত্রে ৩ টি সংখ্যা জমা দিতে হবে।
- জ. ইলেক্ট্রনিক মিডিয়ার ক্ষেত্রে প্রযুক্তিগতভাবে সহায়তা করার জন্য ১ জনের সাপোর্ট স্টাফ (মিডিয়া) কার্ড প্রদান করা হবে। সাপোর্ট স্টাফের এনআইডি কার্ড, সদ্য তোলা ১ কপি পাসপোর্ট সাইজ ও ১ কপি স্ট্যাম্প সাইজের রঙিন ছবি এবং সংশ্লিষ্ট ইলেক্ট্রনিক মিডিয়া কর্তৃক অনুমোদিত কার্ডসহ জমা দিতে হবে।

৫. গাড়ির স্টিকারের জন্য আবেদন প্রক্রিয়া:

ক. গণমাধ্যম কর্মী/সাংবাদিকদের যাতায়াতের জন্য যৌক্তিক সংখ্যক ফোর হইলার গাড়ির স্টিকার প্রদান করা হবে। এক্ষেত্রে সংশ্লিষ্ট প্রেসের নামে থাকা গাড়ির বৈধ কাগজপত্র (ফিটনেস সার্টিফিকেট, রেজিস্ট্রেশন কার্ড, হালনাগাদ ট্যাক্স টোকেন ইত্যাদি), ড্রাইভারের এনআইডি কার্ড, ড্রাইভিং লাইসেন্স সংযুক্তিপূর্বক আবেদন করতে হবে।

খ. সাংবাদিকদেরকে ভোটকেন্দ্রে গমনাগমন করত: সংবাদ সংগ্রহের লক্ষ্যে প্রয়োজনীয়তার নিরীখে ও বাস্তবতার আলোকে সীমিত পর্যায়ে মোটরসাইকেল ব্যবহারের অনুমতি দেয়া হবে। এক্ষেত্রে সংশ্লিষ্ট সাংবাদিককে স্ব স্ব প্রতিষ্ঠানের নিয়োগপত্র, প্রেস আইডি'র কপি, এনআইডি'র কপি এবং তার নামীয় মোটরসাইকেল রেজিস্ট্রেশনের কাগজপত্র, ড্রাইভিং লাইসেন্স, হালনাগাদ ট্যাক্স টোকেন এবং প্রয়োজনীয় অন্যান্য কাগজপত্রসহ আবেদন করতে হবে।

(কমলেশ মজুমদার)

অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, যশোর।

ও

আহবায়ক

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের সাংবাদিক পরিচয়পত্র

ও গাড়ির স্টিকার অনুমোদন সংক্রান্ত কমিটি।

ফোন নম্বর : ০২৪৭৭৭৬২৩৬৬।

ই-মেইল : admjessore@mopa.gov.bd

১। স্থানীয় সাংবাদিক

প্রিন্ট মিডিয়া/টেলিভিশন/অনলাইন নিউজ পোর্টাল/

আইপিটিভি।

অনুলিপি অবগতি ও কাযার্থে প্রেরণ করা হলোঃ

- ১। জেলা প্রশাসক ও রিটার্নিং অফিসার, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন, যশোর।
- ২। পুলিশ সুপার, যশোর।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার (সকল), যশোর।
- ৪। সিনিয়র জেলা তথ্য অফিসার, যশোর।
- ৫। সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, ভূমি অধিগ্রহণ শাখা, যশোর।
- ৬। সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, জুডিশিয়াল মুন্সিখানা শাখা, যশোর।
- ৭। সভাপতি/সাধারণ সম্পাদক, যশোর প্রেসক্লাব, যশোর (তাকে বর্ণিত বিষয়টি সংশ্লিষ্ট সকলকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)
- ৮।
- ৯। অফিস কপি।